

বর্ণবাদ বিরোধী নীতি

পিতামাতা এবং যত্নদানকারীদের জন্য তথ্য

বর্ণবাদ শিক্ষার্থীদের কল্যাণ, স্কুলে অংশগ্রহণ এবং শেখার ফলাফলের উপর প্রভাব ফেলে। বর্ণবাদ এবং বর্ণবাদী আচরণ NSW সরকারী স্কুলগুলোতে গ্রহণযোগ্য নয়।

নীতি কি সম্পর্কে?

[Anti-Racism Policy](#) (বর্ণবাদ বিরোধী নীতি) স্কুলের পরিবেশে সম্মান ও সম্প্রীতির প্রচার করে। এটি সংস্কৃতি, ভাষা বা ধর্মীয় পটভূমি নির্বিশেষে সকল শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগগুলো ন্যায্য করা নিশ্চিত করে। এই নীতি:

- আদিবাসী এবং টরেস স্টেইট দ্বীপবাসীদের উপর বর্ণবাদের প্রভাবকে স্বীকৃতি দেয়
- নিশ্চিত করে যে স্কুলগুলো সকল শিক্ষার্থীদের প্রতি উচ্চ প্রত্যাশা রাখে এবং শিক্ষার্থীদের মধ্যে কোনও একক গোষ্ঠীকে তাদের সাংস্কৃতিক, ধর্মীয় বা ভাষাগত পটভূমির কারণে তাদের সম্পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে বাধা দেয়া হবে না।
- স্কুল সম্প্রদায়ের সকল সদস্যকে তাদের নিজস্ব আচরণ সম্পর্কে চিন্তা ভাবনা করায় এবং নিশ্চিত করে যে তাদের কর্মের ফলে অন্য লোকেরা বর্ণবাদের সম্মুখীন হবে না।
- স্কুলের সকল কর্মচারীদের প্রশিক্ষণ সম্পূর্ণ করে যাতে তারা বর্ণবাদ প্রতিরোধে তাদের দায়িত্ব বুঝতে পারে
- প্রতিটি স্কুলে একটি প্রশিক্ষিত বর্ণবাদ বিরোধী যোগাযোগ কর্মকর্তা থাকা নিশ্চিত করে।

একজন বর্ণবাদ বিরোধী যোগাযোগ কর্মকর্তা কি?

একজন বর্ণবাদ বিরোধী যোগাযোগ কর্মকর্তা (Anti-Racism Contact Officer (ARCO)) হলেন অধ্যক্ষ দ্বারা মনোনীত একজন শিক্ষক যিনি স্কুলে বর্ণবাদ বিরোধী শিক্ষায় নেতৃত্বান্বিত ভূমিকা পালন করেন। ARCO নিম্নলিখিতভাবে অধ্যক্ষকে সহায়তা করেন:

- শিক্ষার্থীদের শেখার এবং কল্যাণের উপর বর্ণবাদের প্রভাব সম্পর্কে স্কুলের কর্মচারীদের বোঝার জন্য সহায়তা করে
- বর্ণবাদের ঘটনাগুলো দেখলে বা শোনার সময় শিক্ষার্থী এবং কর্মচারীদের কীভাবে প্রতিক্রিয়া জানাতে হবে সে সম্পর্কে পরামর্শ দিয়ে
- বর্ণবাদ মোকাবেলার জন্য স্কুল কী কৌশল বাস্তবায়ন করতে পারে সে সম্পর্কে পরামর্শ দিয়ে।

ARCO বর্ণবাদ সম্পর্কে রিপোর্টগুলো সমাধানের পদ্ধতি সম্পর্কে বাবা-মা এবং যত্নদানকারী এবং শিক্ষক ও শিক্ষার্থীদের পরামর্শ প্রদানের জন্য প্রশিক্ষিত। অনুরোধ করা হলে, ARCO প্রক্রিয়া চলাকালীন সময় একজন [support person or advocate](#) (সহায়তাকারী ব্যক্তি বা উকিল) হিসাবেও কাজ করতে পারে।

আমার সন্তান যদি স্কুলে বর্ণবাদের সম্মুখীন হয় তাহলে আমার কী করা উচিত?

যদি আপনার সন্তান স্কুলে বর্ণবাদের সম্মুখীন হয়, তাহলে আপনার উচিত একজন শিক্ষক বা স্কুলের বর্ণবাদ বিরোধী যোগাযোগ কর্মকর্তার কাছে রিপোর্ট করার জন্য সন্তানদেরকে উৎসাহিত করা, অথবা আপনি আপনার সন্তানের হয়ে রিপোর্ট করতে পারেন।

আমি কিভাবে স্কুলে বর্ণবাদ সম্পর্কে একটি রিপোর্ট করতে পারি?

বাবা-মা এবং যত্নদানকারী এবং স্কুলের কর্মচারী এবং শিক্ষার্থী সহ স্কুল সম্প্রদায়ের যে কোনও সদস্য বর্ণবাদ সম্পর্কে [a report](#) (একটি রিপোর্ট) করতে পারেন। বর্ণবাদের রিপোর্টগুলো অধ্যক্ষ, বর্ণবাদ-বিরোধী যোগাযোগ কর্মকর্তা বা স্কুলের কর্মচারীদের যে কোনও সদস্যের কাছে করা যেতে পারে। বিভাগের [feedback and complaint form](#) (প্রতিক্রিয়া এবং অভিযোগ ফর্ম) ব্যবহার করে ব্যক্তিগতভাবে, ইমেইল বা ফোনের মাধ্যমে এবং অনলাইনেও রিপোর্ট করা যেতে পারে।

অনলাইনে বর্ণবাদের কী হবে?

স্কুল-সম্পর্কিত বর্ণবাদ যা অনলাইনে ঘটে, যেমন শিক্ষার্থীরা পৃথক ছাত্র/ছাত্রী বা সাংস্কৃতিক গোষ্ঠীর প্রতি বর্ণবাদ আচরণ করে, সেক্ষেত্রে উপরের মতো স্কুলে রিপোর্ট করা উচিত। অনলাইনে কীভাবে নিরাপদ থাকতে হয় সে সম্পর্কে পরামর্শের জন্য, eSafety Commissioner website (eSafety কমিশনার ওয়েবসাইট) [Online safety](#) (অনলাইন নিরাপত্তা) দেখুন।

কোথায় আমি আরো তথ্য পেতে পারি?

আরও তথ্যের জন্য দেখুন [Anti-racism education](#) (বর্ণবাদ-বিরোধী শিক্ষা)।

দোভাষী সহায়তা

যদি আপনার স্কুলের সাথে কথা বলার জন্য বা কোনও কর্মী সদস্যের সাথে অ্যাপয়েন্টমেন্ট করতে সহায়তা করার জন্য একজন দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন।

অপারেটরকে স্কুলের ফোন নম্বরটি বলুন এবং অপারেটর স্কুলে ফোন করবে এবং আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে।

স্কুল কর্মচারীদের সাথে মিটিংয়ের সময় যদি আপনার কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে স্কুলকে তা ব্যবস্থা করতে বলুন। স্কুল প্রাপ্যতার উপর নির্ভর করে স্কুলের মধ্যে, অনলাইনে বা টেলিফোনে দোভাষীর ব্যবস্থা করবে। দোভাষী পরিষেবাগুলো আপনি বিনামূল্যে পাবেন।